“তোমাদের মধ্যে কেউ রশি নিয়ে তার পিঠে কাঠের বোঝা বয়ে আনা এবং তা বিক্রি করা, ফলে আল্লাহ তার চেহারাকে (যাচ্ঞা করার লাঞ্ছনা হতে) রক্ষা করেন, তা মানুষের কাছে সওয়াল করার চেয়ে উত্তম, চাই তারা দিক বা না দিক”।

যুবাইর ইবনু ‘আওয়াম রাদিয়াল্লাহু আনহু সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম
হতে বর্ণিত। তিনি বলেন: “তোমাদের মধ্যে কেউ রশি নিয়ে তার পিঠে কাঠের বোঝা বয়ে আনা
এবং তা বিক্রি করা, ফলে আল্লাহ তার চেহারাকে (যাচ্ঞা করার লাঞ্ছনা হতে) রক্ষা করেন,
তা মানুষের কাছে সওয়াল করার চেয়ে উত্তম, চাই তারা দিক বা না দিক”।
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ব্যাখ্যা করেছেন যে, একজন ব্যক্তি যেকোনো কাজ করতে পারে, এমনকি তা দড়ি নিয়ে পিঠে জ্বালানি কাঠ সংগ্রহ করে বিক্রি করে খাওয়া, অথবা তা থেকে দান করা ও মানুষের কাছ থেকে স্বাধীন হওয়া এবং ভিক্ষাবৃত্তির অপমান থেকে নিজের মুখ রক্ষা করা; মানুষের কাছে চাওয়া এবং তারা তাকে দেয় অথবা প্রত্যাখ্যান করার চেয়ে তার জন্য এটা উত্তম, কারণ মানুষের কাছে চাওয়া অপমানজনক, আর মুমিন সম্মানিত, অপমানিত নয়।

https://sunnah.global/hadeeth/bn/show/3785